64

দৈনিক সংবাদ

তারিখ 12 SEP 1996
পৃষ্ঠা ৬ কলাম ৫

# ছাত্রলীগ-ছাত্রদলের সংঘর্ষ ঃ সাতক্ষীরা সরকারি কলেজ বন্ধ

সাতক্ষীরা, ১১ই সেপ্টেম্বর (সংবাদদাতা)।– আজ বুধবার ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে তিনজন ছাত্র আহত হবার পর কর্তৃপক্ষ সাতক্ষীরা সরকারি কলেজ তিনদিন বন্ধ ঘোষণা করেছেন।

সকালের দিকে কলেজের একজন ছাত্রীর সাথে কথা বলা নিয়ে দু'দল ছাত্রের মধ্যে কথা কাটাকাটি হয়। পরে কলেজ অধ্যক্ষের কক্ষে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি' টানানো এবং একটি ছাত্র সংগঠনের ব্যানার টানানো নিয়ে সংঘর্ষ হয়। এ সময় ইট–পাটকেল নিক্ষেপে তরিকুল ও আজহারুল নামে দু'জন ছাত্র আহত হয়। এ ঘটনার জের হিসেবে শহরের নিউমার্কেট চত্বরে ছাত্রদলের সদস্যরা ছাত্রলীগের সাইফুল ইসলামকে মারপিট করে আটকে রাখে।

পুলিশ তাকে উদ্ধার করে পরিস্থিতি শান্ত করার জন্য কর্তৃপক্ষ তিনদিন কলেজ বন্ধ ঘোষণা করেছেন। বর্তমানে শহরে উত্তেজনা বিরাজ করছে।